শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

**কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি**
Cox's Bazar Palli Bidyut Samity

web: www.pbs.coxsbazar.gov.bd, e-mail: coxspbs@yahoo.com, Phone: 880-341-63997/64022

ISO 9001 : 2015 CERTIFIED

মুজিব শতবর্ষ MUJIB 100

**জেনারেল ম্যানেজারের কার্যালয়**
**ঝিলংজা, কক্সবাজার।**

স্মারক নং-২৭.১২.২২২৪.৫৪৩.০১.০০৮.২৪. ১২৬৭

তারিখঃ ০৬ চৈত্র' ১৪৩০ বাংলা
২০ মার্চ' ২০২৪ খ্রিঃ

# "নিলাম বিজ্ঞপ্তি"

কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরের বাউন্ডারী ওয়ালের নির্মান কাজ সম্পন্ন করণের জন্য অফিস ক্যাম্পাসের অভ্যন্তরে বিভিন্ন প্রজাতির নিম্নবর্ণিত গাছ সমূহ কর্তন করা প্রয়োজন। বর্ণিত গাছ সমূহ কর্তন পূর্বক "যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়" বিক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা উল্লেখ পূর্বক স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | গাছের প্রজাতি | গাছের সংখ্যা | কাঠের পরিমান (ঘনফুট) | সর্বনিম্ন নিলামে ধার্যকৃত মূল্য | উদ্ধৃত দর ( টাকা) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১। | কাঁঠাল গাছ | ০২ টি | ৭.৮৫ ঘনফুট | ৪,৭১০/= | | |
| ০২। | আম গাছ | ০৪ টি | ৩৯.৪৫ঘনফুট | ৯,৪৬৮/= | | |
| ০৩। | ডুমুর গাছ | ০১ টি | ২৪.১১ঘনফুট | ৩,৬১৭/= | | |
| ০৪। | সেগুন গাছ | ০৩ টি | ৯.৭৮ ঘনফুট | ৫,৮৬৮/= | | |
| ০৫। | পুতিজাম গাছ | ০৯ টি | ১১৬.১৪ ঘনফুট | ৫৮,০৭০/= | | |
| ০৬। | মেহগনি গাছ | ১৩ টি | ১৪৮.৯০ ঘনফুট | ৮১,৮৯৫/= | | |
| ০৭। | ঝাউ গাছ | ০৯ টি | ১৯৭.৮৭ ঘনফুট | ৫৯,৩৬১/= | | |
| ০৮। | অর্জুন গাছ | ০১ টি | ৩.৬৫ ঘনফুট | ৫৪৮/= | | |
| ০৯। | লোহাকাঠ গাছ | ০১ টি | ৫.২৬ ঘনফুট | ১,৫৭৮/= | | |
| ১০ | বিবিধ বল্লী গাছ | ০৩ টি | ৪০ লম্বাফুট | ২৮০/= | | |
| ১১। | নারিকেল গাছ | ২১ টি | নারিকেল ফল=১৩৮টি | ৪,১৪০/= | | |
| ১২। | নারিকেল ও অন্যান্য জ্বালানী | -- | ৫৬৯.৫৮ ঘনফুট | ১৪,২৪০/= | | |
| মোট গাছ=৬৭ টি | | | মোট মূল্য= | ২,৪৩,৭৭৫/= | | |
| কথায়ঃ | | | | | | |

শর্তাবলী :

০১॥ আগ্রহী নিলাম দরদাতাগণ আগামী ০৪/০৪/২০২৪খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সিলমোহরকৃত খামে দরপত্র (ক) জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ঝিলংজা, কক্সবাজার ও (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাবে না। দরপত্র খামের উপর স্পষ্টাক্ষরে "কক্সবাজার পবিসের অফিস ক্যাম্পাসের অভ্যন্তরের বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয়ের দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে।

০২॥ প্রাপ্ত দরপত্র সমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ০৪/০৪/২০২৪খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২:০৫ ঘটিকার সময় কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ঝিলংজা, কক্সবাজর এবং পবিস মনিটরিং ও ব্যবস্থপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকায় উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩॥ দরদাতাগন-কে নিরাপত্তা জামানত বাবদ উদ্ধৃত দরের ২৫% অর্থ (দরপত্র গৃহীত না হলে ফেরতযোগ্য) "জেনারেল ম্যানেজার, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪॥ কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং উদ্ধৃত মোট নিলাম মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী উৎসে কর ও ভ্যাটসহ নগদ/ ব্যাংক ড্রাফট আকারে সমিতির ক্যাশ শাখায় জমা প্রদান পূর্বক উহার রশিদ দাখিল করে কক্সবাজার পবিসের অফিস ক্যাম্পাসের অভ্যন্তরের বিভিন্ন প্রজাতির উপরোক্ত গাছ সমূহ নিজ খরচে কর্তন পূর্বক গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে প্রাপ্ত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে।

০৫॥ বর্ণিত গাছগুলো মার্কিং করা আছে এবং ০৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির প্রশাসন বিভাগে যোগাযোগ পূর্বক পরিদর্শন করা যাবে।

০৬॥ দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক বর্নিত গাছ সমূহের প্রতিটির দর উল্লেখ পূর্বক দর দাখিল করতে হবে। আংশিক দর গ্রহণযোগ্য বিবেচিত হবে না। তাছাড়া ধার্যকৃত নিলাম মূল্য অপেক্ষা কম দর বিবেচনা করা হবে না। অকৃতকার্য নিলাম দরদাতাদের আর্নেষ্টমানি নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।

০৭॥ অত্র পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮॥ শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯॥ নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্রসমূহ না খুলে ফেরত প্রদান করা হবে।

১০॥ দরপত্রে কোন কাটা-ছেড়া/ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১১॥ দরপত্র গ্রহণ/খোলার দিন যদি ছুটি ঘোষিত হয়, তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ/খোলা হবে।

২৮/৩/২৪

(মকবুল আলম)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০১। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে দরপত্র গ্রহণের সদয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।

০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।

০৩। জেলা প্রশাসক, কক্সবাজার।

০৪। পুলিশ সুপার, কক্সবাজার।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................পবিস-১/২/৩/৪।

০৬। নির্বাহী প্রকৌঃ, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, কক্সবাজার।

০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, কক্সবাজার।

০৮। ডিজিএম,মহেশখালী জোনাল অফিস, কক্সবাজার পবিস।

০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, কক্সবাজার। নির্ধারিত তারিখে কক্সবাজার পবিসের সদর দপ্তরে উপস্থিত হয়ে প্রাপ্ত দরপত্র সমূহ মূল্যায়ন করবেন।

১০। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব/প্রশাসন), কক্সবাজার পবিস।

১১। এজিএম ( আইটি-১/২), কক্সবাজার পবিস, ( বিজ্ঞপ্তিটি কক্সবাজার পবিসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।

১২। মেসার্স ..........................................................।

১৩। নোটিশ বোর্ড, কক্সবাজার পবিস/ওয়েব সাইট: www.pbs.coxsbazar.gov.bd

১৪। অফিস কপি/মাষ্টার ফাইল।

২৮/৩/২৪

(মকবুল আলম)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)